তারিখ 06 NOV 2016
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক আমাদের সময়

দ্বিতীয় বিপিও সম্মেলন

# কল সেন্টারে চাকরি পেলেন ৩০১ শিক্ষার্থী

নিজস্ব প্রতিবেদক ●

কল সেন্টারে চাকরি পেলেন ৩০১ শিক্ষার্থী। দ্বিতীয় বিপিও সম্মেলন-২০১৬ উপলক্ষে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কল সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্য) এই নিয়োগের প্রতিশ্রুতি দিয়েছিল। বাক্যের সদস্য ৮টি কোম্পানিতে এই চাকরি দেওয়া হয়েছে। সম্মেলনের আগে দেশব্যাপী ৩০টি পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পেইন করে এবং বিক্রয় ডটকমের মাধ্যমে জব সার্কুলার দিয়ে ৫ হাজারের বেশি সিভি নেওয়া হয়েছিল। এর আগে ২০১৫ সালে প্রথম বিপিও সম্মেলন থেকে বিভিন্ন প্রতিষ্ঠানে চাকরি পেয়েছিলেন ২৩৫ শিক্ষার্থী।

এবারের সম্মেলন থেকে ডিজিকন সার্ভিস লিমিটেডে ৮৫ জন, ফিফো টেকে ৩০ জন, জেনেক্স ইনফোসিসি লিমিটেডে ৪৬ জন, হ্যাক্সো ওয়ার্ল্ড কমিউনিকেশনসে ১৫ জন, ইস্পেল সর্ভিস অ্যান্ড সলিউশন লিমিটেডে (আইএসএসএল) ৩০ জন, সার্ভিস সলিউসন্স লিমিটেডে ৪০ জন, মাই আউটসোর্সিং লিমিটেডে ২৫ জন এবং ভার্গো

এরপর পৃষ্ঠা ৯, কলাম ৪

## কল সেন্টারে

(শেষ পৃষ্ঠার পর) কন্টাক্ট সেন্টার সার্ভিস লিমিটেডে ৩০ জনকে চাকরি দেওয়া হয়।

বিপিও খাতের উদ্যোক্তারা বলছেন, বাংলাদেশে বিজনেস প্রসেস আউটসোর্সিং বা বিপিও ব্যবসা দ্রুত বাড়ছে। বর্তমানে দেশের বাজারমূল্য ১৮০ মিলিয়ন ডলার। এ খাতটিতে ভারত, শ্রীলংকা ও ফিলিপাইন সবচেয়ে ভালো করেছে। বিপিও সেক্টরে সারা বিশ্বের ৬০০ বিলিয়ন ডলারের মধ্যে ভারত ১০০ বিলিয়ন, ফিলিপাইন ১৬ বিলিয়ন এবং শ্রীলংকা ২ বিলিয়ন ডলার আয় করছে। বাংলাদেশ ২০২১ সালের মধ্যে এই খাতে ১ বিলিয়ন ডলার আয়ের লক্ষ্য নির্ধারণ করেছে।